

## জাতীয় বিশ্ববিদ্যালয়ে মডেল কলেজ প্রকল্প গ্রহণ ॥ ভাইস চ্যান্সেলর

স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর (ভিসি) প্রফেসর হারুন-অর-রশিদ বলেছেন, ‘জাতীয় বিশ্ববিদ্যালয় কলেজ শিক্ষার উন্নয়নে সারাদেশে নির্বাচিত কিছুসংখ্যক বেসরকারী কলেজকে মডেল কলেজে উন্নীত করার কর্মসূচী গ্রহণ করেছে। এ প্রকল্পে প্রথম পর্যায়ে ১৫টি কলেজকে তালিকাভুক্ত করা হয়েছে। ভবিষ্যতে এ তালিকা আরও সম্প্রসারিত হবে।’

শনিবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিনেট কক্ষে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের সিনেটের ২০তম অধিবেশনে সভাপতির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও সিনেটের চেয়ারম্যান প্রফেসর ড. হারুন-অর-রশিদ ওইসব কথা বলেন। অধিবেশনে কোষাধ্যক্ষ অধ্যাপক নোমান উর রশীদ ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য রাজস্ব ও উন্নয়নসহ মোট ৫০৭ কোটি ২২ লাখ ৭৮ হাজার টাকার বাজেট পেশ করেন, যা সিনেট কর্তৃক গৃহীত হয়। উপাচার্য তার অভিভাষণে এ পর্যন্ত জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অগ্রগতি তুলে ধরেন। এ সময় আরও বক্তব্য দেন হেপী বড়াল এমপি, প্রফেসর এম. আব্দুস সোবহান (ভাইস-চ্যান্সেলর), এ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম, অধ্যাপক নজরুল ইসলাম, অধ্যাপক খন্দকার বজলুল হক, সোহরাব হোসাইন (শিক্ষা সচিব), ড. মীজানুর রহমান (উপাচার্য), অধ্যাপক সাদেকা হালিম, শফিকুর রহমান (সভাপতি, জাতীয় প্রেসক্লাব), ড. মোছাম্মৎ নাজমুনারা খানম (বিভাগীয় কমিশনার, সিলেট), প্রফেসর ড. মুনা জ আহমেদ নূর (উপাচার্য), প্রফেসর মাহবুবুর রহমান (মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর), বিভাগীয় কমিশনারবন্দ, বিভিন্ন শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, কলেজের অধ্যক্ষ।

**সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।**

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়।  
সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬।

কার্যালয়: জনকণ্ঠ ভবন,  
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,  
জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন),  
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫  
ই-মেইল: janakanthanews@gmail.com  
ই-জনকণ্ঠ: [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com)

Copyright © All rights reserved by dailyjanakantha.com